

ইউনিট ১

রোপণ, আন্তঃপরিচর্যা ও
শস্য রক্ষাকারী সরঞ্জাম ও
যন্ত্রপাতি

ইউনিট ৫ রোপণ, আন্তঃপরিচর্যা ও শস্য রক্ষাকারী সরঞ্জাম ও যন্ত্রপাতি

এ ইউনিটে সর্বমোট সাতটি পাঠ রয়েছে যার মধ্যে শেষের তিনটি পাঠ ব্যবহারিক সম্পর্কিত। শস্যের বীজ বপন, চারা রোপণ, চারা গজানোর পরবর্তী পরিচর্যা অর্থাৎ আগাছা দমন এবং ক্ষতিকারক কীট-পতঙ্গের হাত থেকে ফসলকে রক্ষাকরে যে সমস্ত যন্ত্রপাতি ব্যবহৃত হয় সেগুলো সম্পর্কে আলোকপাত করা হয়েছে এ ইউনিটটিতে। ইউনিটের প্রথম পাঠে সীড়িল ও ধানের চারা রোপণ যন্ত্র সম্পর্কে আলোচনা করা হয়েছে। দ্বিতীয় পাঠে আলোকপাত করা হয়েছে সার ছিটানো যন্ত্র সম্পর্কে। তৃতীয় পাঠে রয়েছে ঐতিহ্যগত ও আধুনিক নিড়ানী যন্ত্র গুলোর বিবরণ। চতুর্থ পাঠে আলোচনা করা হয়েছে হস্ত ও শক্তি চালিত স্প্রেয়ার সম্পর্কে।

পঞ্চম, ষষ্ঠি ও সপ্তম পাঠ ব্যবহারিক বিষয়ক। পঞ্চম পাঠ সীড়িলের মাঠ পর্যায়ে পরিচালনা ও বীজের সঠিক পরিমাণ নিরূপণ সংক্রান্ত। ষষ্ঠি পাঠে রয়েছে জাপানীজ রাইস উইডারের মাঠ পর্যায়ে পরিচালনা ও কার্যকারিতা পর্যবেক্ষণ। সপ্তম পাঠ হস্ত চালিত ন্যাপস্যাক স্প্রেয়ার পর্যবেক্ষণ ও পরিচালনা সম্পর্কিত।

পাঠ ৫.১ সীড়িল ও ধানের চারা রোপণ যন্ত্র

এ পাঠ শেষে আপনি —



- সীড়িল কর্তৃক করণীয় যান্ত্রিক কাজগুলো বলতে পারবেন।
- সীড়িলের বিভিন্ন অংশের নাম ও তাদের কাজ লিখতে পারবেন।
- সীড়িলের সাইজ বলতে পারবেন।
- সীড়িলের ক্যালিব্রেশন পদ্ধতি লিখতে পারবেন।
- মানুষ চালিত একটি ধানের চারা রোপণ যন্ত্রের বিভিন্ন অংশের নাম ও যন্ত্র টির কার্যপদ্ধতি লিখতে পারবেন।

সীড়িল

এ ঘনে র সাহায্যে সঠিক পরিমাণ বীজ সঠিক গভীরতায় বপন করা যায়। এটি বীজ বপন ছাড়াও মাটিকে আলোড়িত ও দৃঢ় করে।

এটি একটি বীজ বপন করার যন্ত্র। এর মাধ্যমে ধান, পাট, গম, সারিষা, বালি, ভূট্টা ইত্যাদি বীজ সারিবদ্ধ ভাবে জমিতে বপন করা যায়। বীজের প্রকার ভেদে বিভিন্ন ধরনের সীড়িল বা বীজ বপন যন্ত্র ব্যবহৃত হয়ে থাকে। এ যন্ত্রের সাহায্যে সঠিক পরিমাণ বীজ সঠিক গভীরতায় বপন করা যায়। এটি বীজ বপন ছাড়াও মাটিকে আলোড়িত ও দৃঢ় করে। এটি বপনকৃত বীজকে ঢেকে দেয় এবং মাটিকে একটু উঁচু করে রাখে। অনেক সময় বীজ বপনের সাথে সাথে প্রয়োজনীয় সারও প্রয়োগ করা হয়। এরূপ যন্ত্রকে সার-বীজ বপন যন্ত্র বলে। চিত্র ৫.১ এ তা দেখানো হল।

একটি বীজ বপন যন্ত্রকে (বীজ ছিটানো যন্ত্র ব্যতীত) নিম্নলিখিত যান্ত্রিক কাজগুলো সম্পন্ন করতে হয়।

১[] সঠিক গভীরতায় বীজ বপনের জন্য খাদ (furrow) তৈরি করা।

কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল

- ২[] কি হারে বীজ মাটিতে পড়বে তা নির্ধারণ করা।
- ৩[] সৃষ্টি খাদ্য প্রস্তুতিয়ে বিন্যাসে বীজ স্থাপন করা।
- ৪[] বীজকে মাটি দিয়ে ঢেকে দেয়া এবং প্রয়োজন অনুযায়ী বীজের চার পাশের মাটিকে আঁটসাট (compact) করা।

চিত্র ৫.১ সমন্বিত সার-বীজ বপন যন্ত্র



চিত্র ৫.২ এ একটি সরল বীজ বপন যন্ত্রের বিভিন্ন অংশ দেখানো হয়েছে।

চিত্র ৫.২ একটি সরল বীজ বপন যন্ত্রের বিভিন্ন অংশের অবস্থান
এবার তাহলে জানা যাক কী কী অংশ নিয়ে সীড়িল গঠিত এবং এ অংশগুলোর কাজ কী।

হপার - এটি বীজ ধারক পাত্র। যে বীজ বপন করতে হবে তা এখানে জমা রাখা হয়।

প্রতি হেঁসের জমিতে কি পরিমাণ
বীজ ফেলতে হবে তা নিয়ন্ত্রণ
করে।

সিড মিটারিং ইউনিট- এর সাহায্যে বীজ বপনের হার নিয়ন্ত্রণ করা হয় অর্থাৎ প্রতি হেঁসের জমিতে কি পরিমাণ বীজ ফেলতে হবে তা নিয়ন্ত্রণ করে। বীজের আকার-আকৃতির ওপর নির্ভর করে বিভিন্ন ধরনের মিটারিং ইউনিট ব্যবহৃত হয় যেমনও সেল টাইপ, রোল টাইপ, খাঁজযুক্ত রোলার টাইপ, স্ট্রিং এজিটের টাইপ, বায়ুচাপ যুক্ত মিটারিং ইত্যাদি।

সিড টিউব- এ টিউবের মধ্য দিয়ে হপার থেকে বীজ মিটারিং ইউনিটের সাহায্যে খাদে (furrow) সৃষ্টি হয়।

বীজগুলো সারিতে বপন করার
জন্য এটি মাটিতে নির্দিষ্ট
গভীরতায় খাদ তৈরি করে।

ফারো ওপেনার- বীজগুলো সারিতে বপন করার জন্য এটি মাটিতে নির্দিষ্ট গভীরতায় খাদ তৈরি করে। বিভিন্ন ধরনের ফারো ওপেনার হতে পারে। যেমন- আবর্জনা ও আগাছামুক্ত মাটিতে ব্যবহৃত হয় রানার, পাথর ও শিকড়যুক্ত মাটিতে হো টাইপ, আবর্জনা পূর্ণ ও অপেক্ষাকৃত শক্ত মাটিতে ডিম্ব টাইপ ফারো ওপেনার ব্যবহৃত হয়।

খাদে পতিত বীজকে মাটি দিয়ে
চেকে দেয়ার জন্য এটি
ব্যবহৃত হয়।

কভারিং ইউনিট - খাদে পতিত বীজকে মাটি দিয়ে চেকে দেয়ার জন্য এটি ব্যবহৃত হয়। বিভিন্ন ধরনের কভারিং ইউনিটের মধ্যে রয়েছে টানযোগ্য চেইন, টানযোগ্য দন্ত, স্ক্র্যাপার ব্রেড, স্টীলের বা রাবারযুক্ত চাপ দেয়ার চাকা ইত্যাদি।

প্রেস হাইল- বীজকে মাটি দিয়ে চেকে দেয়ার পর বীজের প্রয়োজন অনুযায়ী এর চারপাশের বা ওপরের মাটিকে দৃঢ় করার জন্য এটি ব্যবহৃত হয়। এটি বিভিন্ন রকমের হতে পারে, যেমন- কোনটির পরিধির মাঝখানে অবতল বা উত্তল, কোনটির সমতল হতে পারে।

সীড়িলের সাইজ

বীজ বপন যন্ত্রের আকার বলতে আমরা বুঝি এতে কতগুলো ফারো ওপেনার আছে এবং এদের পরস্পরের মাঝে দূরত্ব। সাধারণত এটি প্রকাশ করা হয় এভাবে ১২-১৫ অথবা ১৮-১৭, যা দিয়ে বোঝা যায় এতে ১২ অথবা ১৮টি ফারো ওপেনার আছে এরা পরস্পর ১৫ অথবা ১৭ সেন্টিমিটার দূরত্বে আছে। সুতরাং সীড়িলটির মোট প্রশস্ততা হচ্ছে $(12 \times 15) = 180$ সে.মি. অথবা $(18 \times 17) = 306$ সে.মি.

বীজের পরিমাণ নিরূপণ (Calibration of a seed drill)

প্রতিটি শস্যের জন্য বীজের
হার অর্থাৎ প্রতি হেঁসের বপন
যোগ্য বীজের পরিমাণ নির্দিষ্ট।

একটি সীড়িলকে মাঠে নেয়ার আগে সঠিক হারে বীজ বপন করার জন্য একে প্রস্তুত করে নিতে হবে। অর্থাৎ প্রতি হেঁসের জমিতে যে পরিমাণ বীজ বপন প্রয়োজন সে অনুযায়ী সীড়িলের সমন্বয় সাধন করতে হবে। সীড়িলকে এভাবে প্রস্তুত করে নেয়াকেই ক্যালিব্রেশন বলে। প্রতিটি শস্যের জন্য বীজের হার অর্থাৎ প্রতি হেঁসের বপন যোগ্য বীজের পরিমাণ নির্দিষ্ট। এ হারের চেয়ে কম বা বেশি

কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল

হারে বীজ বপন করলে একদিকে যেমন বীজের অপচয় হয় অন্যদিকে তেমনি শস্যের ফলনও কমে যায়। তাই আবাদকৃত শস্যের ঘনত্ব ঠিক রাখার জন্য সীড়িলিঙের ক্যালিব্রেশন গুরত্বপূর্ণ।

সীড়িলিঙে বপনকৃত বীজের পরিমাণ নির্ণয় করার জন্য নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করতে হবে -

- ১[] সীড়িলিঙিটিকে জ্যাকের সাহায্যে ওপরে ওঠান যাতে এর চাকা মুক্ত ভাবে ঘোরতে পারে।
- ২[] হপার বীজ দিয়ে পূর্ণ করুন।
- ৩[] ফারো ওপেনারের সংখ্যা দিয়ে এদের মধ্যবর্তী দূরত্ব গুনন করে মোট প্রশস্তা (ড) বের করুন।
- ৪[] সিড টিউবগুলোর নিচে একটি কাপড় বা ট্রে রাখুন।
- ৫[] সিডিলিঙের চাকার ব্যাস (ড) মাপুন এবং এ থেকে পরিধি (চ) বের করুন।
- ৬[] এবার চাকার একটি নির্দিষ্ট জায়গায় চক দিয়ে চিহ্নিত করুন। এখন এ দাগের অবস্থান থেকে চাকাকে স্থানিয়ে পুনরায় এ অবস্থানে আনলে এক ঘূর্ণন পূর্ণ হবে।
- ৭[] এভাবে চাকাকে ৫০ বার স্বাভাবিক মাঠ গতিতে ঘোরান।
- ৮[] এখন ট্রেতে জমাকৃত বীজের পরিমাণ বের করুন (মোট বীজকে ৫০ দিয়ে ভাগ করতে হবে)
- ৯[] এখন প্রতি হেক্টারে বীজের পরিমাণ নিম্নের সমীকরণ থেকে বের করুন।

বীজের পরিমাণ, (কেজি/হেক্টের) = -----
$$50 \pi DW$$

এখানে,

X - ৫০ ঘূর্ণনে ট্রেতে সংগৃহীত বীজের পরিমাণ, কেজি

D - চাকার ব্যাস, মিটার

W - সিড ডিলিঙের প্রশস্তা, মিটার

π = ৩.১৪ (ক্রবক)



অনুশীলনী ৪ ধরুন, আপনাকে একটি সিডিলিঙে দেয়া হলো। আপনি এটি দিয়ে কীভাবে কাজ করবেন তা লিপিবদ্ধ করুন।


ধানের চারা রোপণ যন্ত্র

এ যন্ত্রের সাহায্যে একই সময়ে একাধিক সারিতে ধানের চারা রোপন করা যায়। জাপান ১৮৯৮ সনে একটি ধানের চারা লাগানোর যন্ত্র প্রথম তৈরি করেছিল। তা দিয়ে অবশ্য মাঠ পর্যায়ে কাজ করা সম্ভব হয়নি। পরবর্তীতে বিভিন্ন দেশে এর নকশা ও ডিজাইন উন্নত করে মাঠ পর্যায়ে ব্যবহারে উপযোগী করা হয়। চীন ১৯৫৬ সনে প্রথম ধানের চারা রোপণের যন্ত্র তৈরি করে যার মাঠ ক্ষমতা ছিল ০.৩ হেক্টর/ দিন। এ যন্ত্রের জন্য বিশেষ ভাবে উৎপন্ন করা চারার প্রয়োজন হয়। সাধারণত চারাগুলো পড (Pod) টাইপ, বেল্ট (Belt) টাইপ এবং ম্যাট (Mat) টাইপে উৎপন্ন করা হয়। তবে ম্যাট টাইপের চারা এ যন্ত্রে বেশি ব্যবহৃত হয়ে থাকে। এ যন্ত্রের সাহায্যে একই সময়ে একাধিক সারিতে ধানের চারা রোপন করা যায়। এ যন্ত্র মানুষ চালিত ও শক্তি চালিত উভয় ধরনেরই হতে পারে।

১৯৮১ সনে বাংলাদেশে ইরি'র (IRRI) তৈরি ধানের চারা রোপনের যন্ত্র টিকে মাঠ পর্যায়ে ব্যবহারের উপযোগী কিনা তা পরীক্ষা নিরীক্ষা করা হয়। এ যন্ত্র টির গড় মাঠ দক্ষতা ছিল ৭০% এবং মাঠ ক্ষমতা ছিল ০.১৪ হেক্টের/দিন। এ যন্ত্র দিয়ে প্রতি হেক্টের জমিতে চারা রোপণ করতে ১২২ মানুষ-ঘন্টা প্রয়োজন হয়, যা শ্রমিকের সাহায্যে রোপণ করতে ৩৩৬ মানুষ-ঘন্টা দরকার হয়। নিম্নে শক্তি চালিত একটি ধানের চারা রোপণ যন্ত্রের চিত্র ও বিভিন্ন অংশ দেখানো হল।

এ যন্ত্র দিয়ে প্রতি হেক্টের জমিতে চারা রোপণ করতে ১২২ মানুষ-ঘন্টা প্রয়োজন হয়, যা শ্রমিকের সাহায্যে রোপণ করতে ৩৩৬ মানুষ-ঘন্টা দরকার হয়।

চিত্র ৫.৩ শক্তি চালিত একটি ধানের চারা রোপণ যন্ত্র



মানুষ চালিত ধানের চারা রোপন যন্ত্রের কার্যপদ্ধতি

গতি জড়তা নিয়ন্ত্রণকারী মেকানিজমটি যন্ত্র টিকে কাজ শুরু করার সময় সামান্য ধাক্কা দেয় যার ফলে চারা রোপণ করার জন্য যন্ত্র টি প্রস্তুত হয়।

এ যন্ত্রে (চিত্র নং ৫.৪) দুটো রানার (A) থাকে যার উপর ভর করে যন্ত্রটি চলে। এ যন্ত্রের মূল কাঠামো (B) যার উপর চারা রাখার ট্রে (C), ফিডিং এসেম্বলি (D), ট্রে ইনডেক্সিং এসেম্বলি (E),

গতি জড়তা প্রহণকারী দড় (F) এবং হাতল (G) বসানো থাকে। যন্ম টিকি ওজন ২০-২৫ কেজি হয়ে থাকে। চারা রাখার ট্রেটি সোজা এবং চারা লাগানোর সম্পর্ক মেকানিজমটি রানারের সাথে বোল্ট দিয়ে যুক্ত থাকে। বাই-সাইকেলের ফ্রি-হাইল ও স্প্রোকেট ট্রে ইনডেক্সিং এসেম্বলি হিসাবে কাজ করে। গতি জড়তা নিয়ন্ত্রণকারী মেকানিজমটি যন্ম টিকে কাজ শুরু করার সময় সামান্য ধাক্কা দেয় যার ফলে চারা রোপণ করার জন্য যন্ত্রটি প্রস্তুত হয়।

চিত্র ৫.৪ মানুষ চালিত একটি ধানের চারা রোপণ যন্ম

যন্ত্রটি একজন মানুষ দিয়ে টানা হয়। যখন যন্ত্রটির হাতল নিচের দিকে নামানো হয়, তখন পিকার এসেম্বলি সামনের দিকে অগ্রসর হয়ে ট্রে থেকে কিছু চারা প্রহণ করে এবং কাদা মাটিতে চারাগুলোকে ৩-৫ সে.মি. গভীরে বসিয়ে দেয়। পুনরায় হাতলটিকে যখন চালকের দিকে টানা হয় যন্ত্রটি দ্বিতীয়বারের জন্য চারা প্রহণ করার জন্য প্রস্তুত হয়। এ প্রক্রিয়াটি পুনঃ পুনঃ চলতে থাকে।



সারমর্ম : সঠিক পরিমাণ বীজ সঠিক গভীরতায় বপন করার জন্য সীড়িলি ব্যবহার করা হয়। একে সঠিকভাবে ব্যবহার করতে হলে এর বিভিন্ন অংশের নাম সীড়িলির সাইজ এবং সীড়িলির ক্যালিব্রেশন সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকতে হবে। ধানের চারা রোপন যন্ত্রের সাহায্যে একই সময়ে একাধিক সারিতে ধানের চারা রোপন করা যায়। এটি মানুষ চালিত ও শক্তি চালিত উভয়ই হতে পারে।



পাঠোভর মূল্যায়ন ৫.১

সঠিক উত্তরের পাশে টিক চিহ্ন (✓) দিন।

১. নিচের কোন্টি সীড ড্রিলের সাথে সম্পর্কিত নয় ?

- ক. এটি সারিতে বীজ বপন করার যন্ত্র
- খ. সঠিক গভীরতায় খাদ তৈরি করে তাতে বীজ স্থাপন করে
- গ. মাটির চেলা ভেঙ্গে চৰ্ণ করে
- ঘ. বীজ বপনের পর মাটি দিয়ে ঢেকে দেয়।

২. সীড মিটারিং ইউনিটের কাজ কী ?

- ক. সঠিক গভীরতায় খাদ তৈরি করা
- খ. বীজ বপনের পরিমাণ নিয়ন্ত্রণ করা
- গ. খাদে পতিত বীজকে ঢেকে দেয়া
- ঘ. বীজের চার পাশের মাটিকে দৃঢ় করা

৩. নিচের কোন্টি সঠিক নয় ?

- ক. সঠিক হারে বীজ বপনের জন্য সীডড্রিলের সমন্বয় সাধনকেই ক্যালিব্রেশন বলে
- খ. আবাদকৃত শস্যের ঘনত্ব ঠিক রাখার জন্য ক্যালিব্রেশন গুরুত্বপূর্ণ
- গ. সীড ড্রিলের ক্যালিব্রেশন না করা হলে বীজের অপচয় বা শস্যের ফলন কমে যেতে পারে
- ঘ. সীড ড্রিলকে মাঠে নিয়ে কাজ করার পর ক্যালিব্রেশন করতে হবে

৪. নিচের কোন্টি ধানের চারা রোপণ যন্ত্রের সাথে সম্পর্কিত নয় ?

- ক. এর সাহায্যে একই সময়ে একাধিক সারিতে চারা রোপণ করা যায়
- খ. বিশেষভাবে উৎপন্ন ধানের চারা এই যন্ত্রে দরকার হয়
- গ. যন্ত্রের অংশগুলোর মধ্যে রয়েছে ট্রে, ফিডিং ও ইনডেক্সিং এসেমবলি
- ঘ. এর সাহায্যে চারা বপন করতে শ্রমিক অপেক্ষা বেশি সময় লাগে

পাঠ ৫.২ সার ছিটানো যন্ত্র

এ পাঠ শেষে আপনি —



- সার প্রয়োগের বিভিন্ন পদ্ধতি লিখতে পারবেন।
- সার ছিটানো যন্ত্রের বিভিন্ন অংশের নাম বলতে পারবেন।
- একটি সার ছিটানো যন্ত্রের কার্যপদ্ধতি লিখতে পারবেন।
- বিভিন্ন প্রকার মিটারিং ইউনিটের নাম বলতে পারবেন।

এ যন্ত্রের সাহায্যে বিভিন্ন ধরনের দানাদার সার মাটিতে ব্যবহার করা যেতে পারে। গোবর ও তরল রাসায়নিক সার ছিটানোর জন্য ট্রান্স্ট্রান্স্ট্রুল ভিন্ন ধরনের ফার্টলাইজার এপি-কেটের ব্যবহৃত হতে পারে।

মাটিতে বিভিন্ন প্রকৃতির সার প্রয়োগ করা যায়, যেমন - গোবর, নানা উপাদানের পাউডার ও দানাদার রাসায়নিক সার, তরল ও গ্যাসীয় প্রকৃতির সার। মাটিতে সার প্রয়োগ পদ্ধতি নিম্নরূপ হতে পারে -

১[] জমি চাষের আগে বা ফসল জন্মানোর পর মাটিতে ছিটানো অথবা প্লাউয়ের সাথে সংযুক্ত ডিস্ট্রিউটরের সাহায্যে প্রতিটি খাদে সার ফেলে কর্ণ গভীরতায় সারকে স্থাপন করা।

২[] চিজেল (Chisel) টাইপ কালচিটিভেটরের (Cultivator) সাহায্যে মাটির গভীরে স্থাপন করা।

৩[] বীজ বপনের সময় একসাথে সার প্রয়োগ করে মাটিতে মিশিয়ে দেয়া।

৪[] প্রতির্থিত তৃণভূমিতে বিশেষ যন্ত্রের সাহায্যে সারিতে মাটির নিচে সার স্থাপন করা।

শ্রেণিবিভাগ

হস্ত চালিত ও শক্তি চালিত এ দু'ধরনের সার ছিটানো যন্ত্র রয়েছে। তবে হস্ত চালিত সার ছিটানো যন্ত্রের মধ্যে কেন্দ্রবিমুখী সার ছিটানো যন্ত্রের ব্যবহারই বেশি। চিত্র ৫.৫ এ একটি সার ছিটানো যন্ত্রের বিভিন্ন অংশ ও কার্যপ্রণালী বর্ণনা করা হলো।

কার্যপদ্ধতি

ঘূর্ণায়মান চাকতিটি কেন্দ্রবিমুখী বলের কারণে এর উপর পতিত সার চারদিকে ছিটকে পড়ে।

হপারে সার রাখা হয়। সারগুলো যাতে হপারে জমে না যায় সে জন্য নাড়ানী (Agitator) ব্যবহার করা হয়। হপারটি একটি স্পিন্ডলের উপর বসানো থাকে। স্পিন্ডলটি হপারের নিচে স্থাপিত একটি চাকতির সাথে লাগানো থাকে। হাতলটি যখন ঘোরানো হয় তখন চাকতিটি ঘুরতে থাকে। এ সময় হপারের নিচের ছিদ্র দিয়ে সার চাকতিতে এসে পড়ে। ঘূর্ণায়মান চাকতিটির কেন্দ্রবিমুখী বলের কারণে এর উপর পতিত সার চারদিকে ছিটকে পড়ে। চাকতিটি সাধারণত ৩০-৪০ সে.মি. ব্যাসযুক্ত ও ৫

মি.মি. পুরু হয়ে থাকে। এর উপর তিনটি ভেন (ঠধহব) ১২০ ডিগ্রী অঙ্গে বসানো থাকে যার উচ্চতা প্রায় ২ সে.মি।। সম্পূর্ণ যন্ত্রটি একটি ফ্রেমে বসানো থাকে।

চিত্র ৫.৫ একটি সার ছিটানো যন্ত্র

এ যন্ত্রটিকে হাতলের পরিবর্তে শ্যাফটের সাহায্যে বেল্ট পুলি অথবা P.T.O. এর মাধ্যমে পাওয়ার টিলার বা ট্রাইট্র দিয়ে চালানো যেতে পারে। সে ক্ষেত্রে একাধিক ইউনিট ব্যবহৃত হতে পারে।

মিটারিং ইউনিট

সার ছিটানো যন্ত্রের এ ইউনিটটি সার প্রয়োগের হার নিয়ন্ত্রণ করে। বিভিন্ন প্রকার শুষ্ক সার ছিটানোর জন্য বিভিন্ন ধরনের মিটারিং ইউনিট রয়েছে। মিটারিং ইউনিটের ঘূর্ণায়মান অংশটি চাকা বা পি. টি. ও. দিয়ে চালিত হয়। বিভিন্ন ধরনের মিটারিং ইউনিটের মধ্যে রয়েছে- ষাঁড় হইল টাইপ, অগার টাইপ, বেল্ট টাইপ, পেণ্ট ও ফিকার টাইপ, ঘূর্ণায়মান বটম টাইপ।



সারমর্ম : সার ছিটানো যন্ত্রের সাহায্যে দানাদার সার মাটিতে প্রয়োগ করা হয়ে থাকে। এটি হস্ত চালিত বা শক্তি চালিত হতে পারে। মিটারিং ইউনিট সার প্রয়োগের হার নিয়ন্ত্রণ করে। মিটারিং ইউনিট বিভিন্ন ধরনের হতে পারে।



পাঠ্যের মূল্যায়ন ৫.২

সঠিক উত্তরের পাশে টিক () চিহ্ন দিন।

১. নিচের কোনটি সঠিক নয় ?

- ক. জমি চাষের আগে মাটিতে ছিটিয়ে সার প্রয়োগ করা যায়
- খ. কালচিভেটের সাহায্যে মাটির গভীরে সার স্থাপন করা যায়
- গ. বীজ বপনের সময় সার প্রয়োগ করে মাটিতে মিশিয়ে দেয়া যায়
- ঘ. দানাদার, পাউডার বা তরল সব ধরনের সার একই ধরনের যন্ত্রের সাহায্যে প্রয়োগ করা যায়

২. হস্ত চালিত সার ছিটানো যন্ত্রে দানাদার সার ছিটকে পড়ে কী করণে ?


- ক. নাড়ানীর কারণে
- খ. চাকতির ঘূর্ণনে সৃষ্ট কেন্দ্রবিমুখী বলের কারণে
- গ. হাতে ছিটানোর কারণে
- ঘ. হপারের কারণে

৩. সার ছিটানো যন্ত্রের বিভিন্ন প্রকার মিটারিং ইউনিটের মধ্যে নিচের কোনটি আওতাভুক্ত নয় ?

- ক. অগার টাইপ
- খ. প্লেট ও ফ্লিকার টাইপ
- গ. সেল টাইপ
- ঘ. স্টার ভাইল টাইপ


পাঠ ৫.৩ ঐতিহ্যগত ও আধুনিক নিড়ানী যন্ত্র সমূহ

এ পাঠ শেষে আপনি —



- বিভিন্ন প্রকার ঐতিহ্যগত নিড়ানীর নাম বলতে পারবেন।
- বিভিন্ন প্রকার ঐতিহ্যগত নিড়ানীর বিবরণ লিখতে পারবেন।
- জাপানীজ রাইস উইডারের বিবরণ লিখতে পারবেন।
- শক্তিচালিত রাইস উইডারের বিবরণ লিখতে পারবেন।

ঐতিহ্যগত নিড়ানী যন্ত্র সমূহ



বিভিন্ন ফসলের ক্ষেত্রে আগাছা দমন ও মাটির ওপরের শক্ত আস্তর ভাঙ্গার জন্য এ ধরনের নিড়ানী যন্ত্র গুলো কৃষকরা প্রধানত ব্যবহার করে থাকে।

এ ধরনের নিড়ানী যন্ত্র গুলো যুগ যুগ ধরে আমাদের দেশের কৃষককুল ব্যবহার করে আসছে। এগুলো এলাকা ভিত্তিক বিভিন্ন আকার-আকৃতির হয়ে থাকে এবং বিভিন্ন নামে পরিচিত। এগুলো সবই হস্ত চালিত। বিভিন্ন ফসলের ক্ষেত্রে আগাছা দমন ও মাটির ওপরের শক্ত আস্তর ভাঙ্গার জন্য এ ধরনের নিড়ানী যন্ত্র গুলো কৃষকরা প্রধানত ব্যবহার করে থাকে। এর দুটো অংশ- স্টীলের তৈরি রেড এবং কাঠের তৈরি হাতল। গ্রামের কামার সম্প্রদায় এগুলো তৈরি করে থাকে। আসুন এবার বিভিন্ন ধরনের ঐতিহ্যগত নিড়ানী যন্ত্রের সাথে পরিচিত হই।

চেনী কাঁচি বা নিড়ানী-

একজন লোক বসা অবস্থায় এটি দিয়ে কাজ করে এবং দৈনিক প্রায় ০.০২ - ০.০৩ হেক্টের জমি নিড়াতে পারে।

রেডের বাইরের প্রান্ত ধারালো। সাধারণত আউশ, পাট, শাক-সবজির ক্ষেত্রে আগাছা দমনের জন্য ব্যবহৃত হয়। একজন লোক বসা অবস্থায় এটি দিয়ে কাজ করে এবং দৈনিক প্রায় ০.০২ - ০.০৩ হেক্টের জমি নিড়াতে পারে। রেডের দৈর্ঘ্য প্রায় ১১ সে.মি. এবং হাতলসহ মোট দৈর্ঘ্য প্রায় ৩৫ সে.মি.। ওজন ২০০-২৫০ গ্রাম। প্রায় ২ বৎসর এটির কার্যকাল বজায় থাকে এবং প্রতি বৎসর রেডকে ধার দিতে হয়। অনেক সময় রেডের ভেতরের প্রান্তে কাস্টের মত দাঁত কাটা থাকে। শক্ত আগাছা কেটে ফেলার জন্য এ প্রান্ত ব্যবহৃত হয়।

নিড়ি কাঁচি বা নিড়ানী

একজন লোক বসা অবস্থায়
কাজ করে দৈনিক প্রায় ০.০১-
০.০১৫ হেক্টর জমি নিড়াতে
পারে।

চিত্র ৫.৭ নিড়ি কাঁচি বা নিড়ানী

এটির ব্লেড কিছুটা সরু। সাধারণত মিশ্র ফসল (আউশ ও আমন) নিড়ানোর কাজে কৃষকরা ব্যবহার
করে। ব্লেডের দৈর্ঘ্য প্রায় ১৩ সে.মি. এবং হাতলসহ মোট দৈর্ঘ্য প্রায় ৩০-৩৫ সে.মি। ওজন ২৫০-
২৮০ গ্রাম। একজন লোক বসা অবস্থায় কাজ করে দৈনিক প্রায় ০.০১-০.০১৫ হেক্টর জমি নিড়াতে
পারে। গড়ে প্রায় ১.৫ বৎসর কার্যক্ষম থাকে।

পাশ্নি বা ছেনী

একজন কৃষক দৈনিক প্রায়
০.০২ হেক্টর জমি নিড়াতে
পারে।

চিত্র ৫.৮ পাশ্নি বা ছেনী

এ ধরনের নিড়ানী পাবনা, কুষ্টিয়া, টাঙ্গাইল, জামালপুর প্রত্তি জেলায় বেশি ব্যবহৃত হয়। এর
হাতলটি বিশেষভাবে বাঁকানো। আউশ ও পাট ক্ষেত নিড়ানোর জন্য প্রধানত ব্যবহৃত হয়। একজন
কৃষক দৈনিক প্রায় ০.০২ হেক্টর জমি নিড়াতে পারে। এটি দিয়েও বসা অবস্থায় কাজ করা হয়। এর
বে-ডেটি স্টীলের তৈরি এবং অর্ধবৃত্তাকার। ব্লেডের দৈর্ঘ্য প্রায় ৭.৫ সেমি এবং সম্পূর্ণ নিড়ানীর দৈর্ঘ্য
প্রায় ৫০-৫৫ সেমি। ওজন প্রায় ২৫০-৪৫০ গ্রাম।

খুরাপি

বসা অবস্থায় এটি দিয়ে কাজ
করে একজন কৃষক দৈনিক
০.০১-০.০১৫ হেক্টর জমি
নিড়াতে পারে।

চিত্র ৫.৯ খুরাপি

এর ব্লেডটি ত্রিভূজাকৃতির। আউশ ও পাট ক্ষেত নিড়ানোর জন্য ব্যবহৃত হয়। বসা অবস্থায় এটি দিয়ে
কাজ করে একজন কৃষক দৈনিক ০.০১-০.০১৫ হেক্টর জমি নিড়াতে পারে। স্টীলের তৈরি ব্লেডটি প্রায়
১৮ সে.মি. লম্বা এবং এর মাথা প্রায় ৬-৭ সে.মি. প্রস্থ। প্রায় ২-৩ বৎসর টিকে থাকে।

আচড়া-

চিত্র ৫.১০ আচড়া

বসা অবস্থানে বা উপুড় হয়ে
একজন কৃষক দৈনিক প্রায়
০.০২-০.০৩ হেক্টর জমিতে
আচড়া দিতে পারে।

সাধারণত স্টীলের তৈরি ৪-৫ টি বাঁকা স্পাইক হাতের আঙুলের মত সাজানো থাকে। হাতলের সাহায্যে চালকের দিকে টেনে টেনে কাজ করা হয়। আউশ, পাট ও শাক-সবজির ক্ষেতে আগাছা দমন ও মাটির ওপরের আস্তর ভাঙার জন্য ব্যবহৃত হয়। বসা অবস্থানে বা উপুড় হয়ে একজন কৃষক দৈনিক প্রায় ০.০২-০.০৩ হেক্টর জমিতে আচড়া দিতে পারে। স্পাইকগুলো প্রায় ২৫ সে.মি. লম্বা এবং হাতলটি প্রয়োজন অনুযায়ী লম্বা হয়ে থাকে।

মেন্দি ছেনী

ক্লেডটি প্রায় ২০ সে.মি. প্রশস্ত।
সম্পর্ণ নিড়ানীর দৈর্ঘ্য প্রায়
৭০-৮০ সে.মি।

চিত্র ৫.১১ মেন্দি ছেনী

এ ধরনের নিড়ানী উপজাতীয় এলাকায় প্রধানত ব্যবহৃত হয়। আনারস, কাসাতা ইত্যাদি ক্ষেত নিড়ানোর কাজে ব্যবহৃত হয়। স্টীলের পাতের তৈরি ক্লেডটি বেশ বড়, অর্ধবৃত্তাকার এবং এটি লম্বা দড়ের সাথে যুক্ত। বসা অবস্থানে কাজ করার সময় আনারসের পাতার কাঁটা থেকে রক্ষা পাবার জন্য দড়টি লম্বা রাখা হয়। ক্লেডটি প্রায় ২০ সে.মি. প্রশস্ত। সম্পর্ণ নিড়ানীর দৈর্ঘ্য প্রায় ৭০-৮০ সে.মি। ওজন প্রায় ১ কেজি।

আধুনিক নিড়ানী যন্ত্র সমূহ

এগুলো মানুষ চালিত ও শক্তি চালিত উভয় ধরনেরই হতে পারে। তবে বাংলাদেশে সাধারণত মানুষ চালিত আধুনিক নিড়ানীসমূহ ব্যবহৃত হয়ে থাকে। এগুলোর মাঝে হস্ত চালিত জাপানীজ রাইস টেইডার ও শক্তি চালিত উইডারই প্রধান।

চিত্র ৫.১২ জাপানীজ রাইস উইডার

এ জাতীয় উইডার কাদাযুক্ত মাটিতে সারিতে লাগানো ধান বা অন্য ফসলের জমিতে আগাছা দমনে ব্যবহৃত হয়।

চিত্রে একটি জাপানীজ রাইস উইডার দেখানো হয়েছে। এ ধরনের উইডারে একটি ট্রে, এক বা দুই সারি দাঁত (Spike) যুক্ত চাকা এবং কাঠের তৈরি একটি ফ্রেম থাকে। এটির ওজন ৩-৫ কেজি হয়ে থাকে। ট্রেটি লোহার চ্যাপ্টা বার ও পাত দিয়ে তৈরি যা যন্ত্র টির ভার বহন করে। এটি যন্ত্র টিকে কাদায় চলতে সাহায্য করে। এ জাতীয় উইডার কাদাযুক্ত মাটিতে সারিতে লাগানো ধান বা অন্য ফসলের জমিতে আগাছা দমনে ব্যবহৃত হয়। এটি একজন লোক দিয়ে চালনা করা হয়, তবে অনেক সময় আরেকজন সামনে থেকে টানে। এতে তাড়াতাড়ি এবং ভালভাবে কাজ হয়।

যন্ত্র টি যখন সামনের দিকে ঠেলে দেয়া হয় তখন স্পাইকগুলো দড়ের মধ্যে ঘুরতে থাকে এবং আগাছার মূল উপরে ফেলে ও মাটিতে মিশিয়ে দেয়। ফলে আগাছা মাটিতে পঁচে জৈব সার তৈরি হয়। স্পাইকের দাঁতগুলোর আকার আকৃতি বিভিন্ন ধরনের হয়ে থাকে। এটি চালাতে খুবই শক্তির প্রয়োজন হয় এবং চালক অঙ্গ সময়ে ঝান্ক হয়ে পড়ে। কিন্তু দড়ের সাথে বিয়ারিং বা বুশ ব্যবহার করে শক্তির পরিমাণ কমানো সম্ভব। এ নিয়ে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষিশক্তি ও যন্ত্র বিভাগে গবেষণা চলছে। এটির মাঠ ক্ষমতা প্রায় ১ একর /দিন।

শক্তি চালিত উইডার

সারিবন্ধভাবে লাগানো ফসলের দু'সারির মাঝে আগাছা দমনের জন্য সাধারণত ব্যবহৃত হয়।

এটি সাধারণত ট্রাউটের ও পাওয়ার টিলার দিয়ে টানা হয়। এগুলো বেশ ভারী এবং অনেক প্রশস্ত। এগুলোতে এক বা একাধিক লম্বা দড়ে অনেকগুলো স্পাইক টুথ লেড বা ডিস্ক কাছাকাছি বসানো থাকে। এটির প্রশস্তা সাধারণত ৩-৬ মিটার হয়ে থাকে। এর ওজন ট্রাউটের সম্পর্কে বহন করে। চারা যখন ছোট থাকে তখন এটি ব্যবহার করা হয়। সারিবন্ধভাবে লাগানো ফসলের দু'সারির মাঝে আগাছা দমনের জন্য সাধারণত ব্যবহৃত হয়। এটি আগাছাকে মাটিতে মিশিয়ে দেয় অথবা মূলসহ আগাছাকে উপরে ফেলে মাটিতে শুইয়ে দেয়।

চিত্র ৫.১৩ শক্তি চালিত উইডার



পাঠ্যক্রম মূল্যায়ন ৫.৩

সঠিক উত্তরের পাশে টিক () চিহ্ন দিন।

১. নিচের কোনটি ঐতিহ্যগত নিঃস্থানী যন্ত্র নয় ?

- ক. পাশনি , আচড়া
- খ. ছেলী কঁচি
- গ. খুরপি
- ঘ. জাপানীজ রাইস উইডার

২. সঠিক উত্তর কোনটি ?


- ক. জাপানীজ রাইস উইডার শুকনা মাটিতে উপযোগী
- খ. এটি কাদাযুক্ত মাটিতে বিস্ফিল্ডভাবে লাগানো ফসলের উপযোগী
- গ. এটি কাদাযুক্ত মাটিতে সারিবদ্ধ ধানের ক্ষেত্রে উপযোগী
- ঘ. এটি ট্রাইষ্টার বা পাওয়ার টিলার চালিত

৩. শক্তি চালিত উইডারের ক্ষেত্রে নিচের কোনটি প্রযোজ্য নয় ?

- ক. এটি ট্রাইষ্টার বা পাওয়ার টিলার চালিত
- খ. সারিবদ্ধ ফসলের ক্ষেত্রে আগাছা দমনের জন্য এটি ব্যবহৃত হয়
- গ. এক বা একাধিক দড়ে অনেকগুলো ডেড বা ডিক্ষ কাছাকাছি বসানো থাকে
- ঘ. এর প্রশস্ততা $0.2 - 0.5$ মিটার হয়ে থাকে।

পাঠ ৫.৪ হস্ত ও শক্তি চালিত স্পেয়ার

এ পাঠ শেষে আপনি —



- হস্ত চালিত স্পেয়ারের বিভিন্ন অংশগুলোর নাম বলতে পারবেন।
- বিভিন্ন প্রকার হস্ত চালিত স্পেয়ারের নাম বলতে পারবেন।
- লিভার চালিত ন্যাপস্যাক স্পেয়ারের কার্যপ্রণালি বর্ণনা করতে পারবেন।
- শক্তিচালিত স্পেয়ারের প্রকারভেদ বলতে পারবেন।
- ছোট ইঞ্জিন চালিত ন্যাপস্যাক স্পেয়ারের প্রবাহ চিত্র আঁকতে পারবেন।
- ছোট ইঞ্জিন চালিত ন্যাপস্যাক স্পেয়ারের কার্যপ্রণালি বর্ণনা করতে পারবেন।

স্পেয়ার



স্পেয়ার এমন একটি যন্ত্র যা তরল পদার্থকে তেঙ্গে শুন্দ শুন্দ কণায় পরিণত করতে পারে। জমিতে ফসলকে ক্ষতিকারক পোকা মাকড়ের আক্রমণ থেকে রক্ষা করার জন্য তরল কীটনাশক ছিটাতে স্পেয়ার ব্যবহৃত হয়।

জমিতে ফসলকে ক্ষতিকারক পোকা মাকড়ের আক্রমণ থেকে রক্ষা করার জন্য তরল কীটনাশক ছিটাতে স্পেয়ার ব্যবহৃত হয়।

স্পেয়ার বিভিন্ন ধরনের হতে পারে। তবে শক্তির ব্যবহার অনুযায়ী দু'প্রকার -

- ক) হস্ত চালিত স্পেয়ার
- খ) শক্তি চালিত স্পেয়ার

হস্ত চালিত স্পেয়ার

এ জাতীয় স্পেয়ার মানুষ কর্তৃক চালিত হয়। হস্ত চালিত স্পেয়ারে সাধারণত নিম্নলিখিত অংশগুলো (Elements) বিদ্যমান থাকে।

- ক) ঊষধের ট্যাঙ্ক (Spray tank)
- খ) চাপ তৈরির উৎস ও তা রাখার ব্যবস্থা (Pressure chamber)
- গ) নজল (Nozzle)
- ঘ) প্রয়োজনীয় নিয়ন্ত্রণকারী ব্যবস্থা (Control valves & fittings)

হস্ত চালিত স্পেয়ার নিম্নোক্ত প্রকারের হতে পারে -

- ক) সিরিঙ্গ টাইপ
- খ) স্টায়ারার পাম্প টাইপ (Stirrer Pump type)
- গ) লিভার চালিত ন্যাপস্যাক
- ঘ) পিষ্টন টাইপ ন্যাপস্যাক

এগুলোর মধ্যে কৃষি কাজে লিভার চালিত ন্যাপস্যাক স্প্রেয়ারের ব্যবহার বেশি । নিম্নে এর কার্যপদ্ধালি চিত্র সহ (চিত্র ৫.১৪) বর্ণনা করা হল ।

চিত্র ৫.১৪ লিভার চালিত ন্যাপস্যাক স্প্রেয়ার

এ স্প্রেয়ারে একটি ওষধের ট্যাংক, হস্ত চালিত পাম্প, একটি চাপ আধার (Pressure chamber), একটি লেন্স ও খোলা-বন্ধ করার ব্যবস্থা বা ট্রিগার ভাল্ব এবং এক বা একাধিক নজল থাকে ।

এ স্প্রেয়ারে একটি ওষধের ট্যাংক, হস্ত চালিত পাম্প, একটি চাপ আধার (Pressure chamber), একটি লেন্স ও খোলা-বন্ধ করার ব্যবস্থা বা ট্রিগার ভাল্ব এবং এক বা একাধিক নজল থাকে ।

ওষধের ট্যাংকটি ড্রামের তৈরি হয়ে থাকে । অনেক সময় মাইল্ড স্টীল (এম, এস) বা স্টেইনলেস স্টিলেরও তৈরি করা যায় । বর্তমানে খরচ কমানোর জন্য প্লাষ্টিকের তৈরি করা হচ্ছে । ট্যাংকের আয়তন ১০-১৫ লিটার হতে পারে । কাঁধে রোলানোর জন্য ট্যাংকের গায়ে প্লাষ্টিকের বা চামড়ার তৈরি ফিতা (Strap) লাগানো থাকে । ওষধ ভরার জন্য ট্যাংকের উপরিভাগে ৯০ - ১০০ মি.মি. ব্যাসের মুখ রাখা হয় । ওষধ ভরে ঢাকনি ভালভাবে আটকে দিতে হয় যাতে ট্যাংকটি বায়ুরোধী হয় । ওষধ ভরার সময় ৫০ মি.মি. ম্যাশ ঢাকনি দিয়ে ছাকতে হবে যাতে করে স্প্রেকরার সময় নজল ভালভাবে কাজ করতে পারে ।

এ স্প্রেয়ারে ডায়াফ্রাম বা পিষ্টন পাম্প ব্যবহার করা হয় । পিষ্টন পাম্প বিশিষ্ট স্প্রেয়ার বেশি চাপ সৃষ্টি করতে পারে । এ জাতীয় স্প্রেয়ারের লিভারটির অবস্থান একপাশে হয় । লিভারকে যখন নিচের দিকে চাপ দেয়া হয় তখন স্প্রে ট্যাংকের উপরিভাগে চাপ বাড়তে থাকে । কয়েকবার লিভারকে ওপরে নিচে ওঠানামা করানোর ফলে ৭-৮ বার (Bar) চাপ সৃষ্টি হয় । যখন ল্যাঙ্গে চাপ দেয়া হয়, তখন স্প্রেয়ারের ভেতরের চাপে তরল পদার্থ নজল দিয়ে ক্ষুদ্র ক্ষুদ্র কণার আকারে বের হয় ।

শক্তি চালিত স্প্রেয়ার

সাধারণত বেশি এলাক জুড়ে স্প্রে করার জন্য শক্তি চালিত স্প্রেয়ার ব্যবহার করা হয় । বিভিন্ন ধরনের শক্তিচালিত স্প্রেয়ার আজকাল দেখা যায় । বহনের দিক দিয়ে এগুলো নিম্নরূপ -

কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল

- ক) মানুষ কর্তৃক বহনযোগ্য (ছোট পেট্রোল ইঞ্জিনিয়ার)
- খ) ট্রাক্টর বা পাওয়ার টিলার মাউন্টেড
- গ) সেল্ফ প্রপেল্ল স্প্রেয়ার
- ঘ) বিমান চালিত স্প্রেয়ার

আবার নজল ভেদে শক্তি চালিত স্প্রেয়ারের প্রকারভেদ নিম্নরূপ হতে পারে -

- ক) এয়ার শেয়ার নজল
- খ) নিউমেটিক নজল
- গ) ফগিং নজল
- ঘ) হাইড্রলিক নজল
- ঙ) ইলেকট্রো ট্যাটিক বা ইলেকট্রো ডায়নামিক নজল

প্রয়োগভেদে শ্রেণিবিভাগ নিম্নরূপ -

- ক) মাঠ শস্যের উপযোগী
- খ) উদ্যান ব্যবহার উপযোগী

নিম্নে ছোট ইঞ্জিন সম্বলিত একটি ন্যাপস্যাক স্প্রেয়ারের কার্যপ্রণালি প্রবাহ চিত্রের মাধ্যমে বর্ণনা করা হল।

চিত্র ৫.১৫ ছোট ইঞ্জিন চালিত একটি ন্যাপস্যাক স্প্রেয়ারের প্রবাহ চিত্র।

A- ইঞ্জিন	E- নজল
B- রেডিয়াল ভ্লোয়ার	F- বাতাসের প্রবাহ
C- ঔষধের ট্যাংক	G- ঔষধের প্রবাহ
D- অন/অফ সুইচ	H- স্প্রে (ঔষধ + বাতাস)

স্প্রে বাতাসের গতি সাধারণত ৩০ - ৪০ মিটার/সেকেন্ড হয়ে থাকে এবং বাতাসের পরিমাণ ৬০০-৭৫০ ঘনমিটার/ঘন্টা।

রেডিয়াল ভ্লোয়ারকে (B) একটি দ্বিখাত পেট্রোল ইঞ্জিন (A) দিয়ে পরিচালনা করা হয়। ভ্লোয়ারের ঘূর্ণনের পরিমাণ ইঞ্জিনের ত্যাংকশ্যাফ্টের ঘূর্ণনের সমান। কারণ উভয়েই সরাসরি সংযুক্ত। স্প্রে বাতাসের গতি সাধারণত ৩০ - ৪০ মিটার/সেকেন্ড হয়ে থাকে এবং বাতাসের পরিমাণ ৬০০-৭৫০ ইউনিট ৫

ঘনমিটার/ঘনটা। এ জাতীয় স্পেয়ারে বিভিন্ন ধরনের নজল (E) ব্যবহৃত পারে। নজলের আউটপুট বাড়ানো বা কমানো যেতে পারে।

ওষধের ট্যাংকের (C) ক্ষমতা ১০-১৫ লিটার। সম্পর্ণ স্পেয়ারের ওজন ১৫-২৫ কেজি হতে পারে। যেহেতু এই স্পেয়ার মানুষ কর্তৃক বহন করা হয় তাই হাঙ্কা হওয়া বাঞ্ছনীয়। ওষধের ট্যাংক একবার পূর্ণ করলে এ জাতীয় স্পেয়ার ৩০-৪০ মিনিট ব্যবহার করা যায়। নিচে চিত্র ৫.১৬ এ ছোট পেট্রোল ইঞ্জিন চালিত এ জাতীয় একটি স্পেয়ার প্রদর্শিত হলো।

চিত্র ৫.১৬ পেট্রোল ইঞ্জিন চালিত ন্যাপস্যাক স্পেয়ার



সারমর্ম ৪: জমিতে তরল কীটনাশক ছিটানোর কাজে স্পেয়ার ব্যবহৃত হয়। স্পেয়ার হস্ত চালিত বা শক্তিচালিত হতে পারে। বিভিন্ন ধরনের হস্ত চালিত স্পেয়ার রয়েছে। তবে কৃষি কাজে সবচেয়ে বেশি ব্যবহৃত হয় লিভার চালিত ন্যাপস্যাক স্পেয়ার। শক্তি চালিত স্পেয়ার ও বিভিন্ন ধরনের হয়ে থাকে।



পাঠ্যের মূল্যায়ন ৫.৮

সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিন।

১. নিচের কোনটি হস্ত চালিত স্প্রেয়ারের অংশ নয় ?

- ক. নজল
- খ. ড্রোয়ার
- গ. স্প্রে ট্যাংক
- ঘ. প্রেসার চেম্বার

২. কৃষি কাজে কোন ধরনের স্প্রেয়ার বেশি ব্যবহৃত হয় ?

- ক. স্টায়ারার পাম্প টাইপ
- খ. পিষ্টন পাইপ টাইপ
- গ. সিরিঞ্জ টাইপ
- ঘ. লিভার চালিত ন্যাপস্যাক

৩. স্প্রেয়ারের কোন অংশ তরল কীটনাশককে ক্ষুদ্র ক্ষুদ্র কণায় পরিণত করে ?

- ক. পাম্প
- খ. স্প্রেসার চেম্বার
- গ. নজল
- ঘ. ল্যাঙ্স

৪. নিচের কোনটি নজল ভেদে শক্তি চালিত স্প্রেয়ারের প্রকারভেদ নয় ?

- ক. হাইড্রোলিক নজল
- খ. গিয়ার টাইপ নজল
- গ. নিউমেটিক নজল
- ঘ. ফিগিং নজল


৫. ছোট ইঞ্জিনচালিত একটি ন্যাপস্যাক স্প্রেয়ারের ড্রোয়ার কর্তৃক প্রবাহিত বাতাসের গতি সাধারণত কত ?

- ক. ৫ - ১০ মিটার/সেকেন্ড
- খ. ৩০ - ৪০ মিটার/সেকেন্ড
- গ. ১০ - ১৫ মিটার/সেকেন্ড
- ঘ. ১ - ৫ মিটার/সেকেন্ড

ব্যবহারিক

পাঠ ৫.৫ সীড ড্রিলের মাঠ পর্যায়ে পরিচালনা ও বীজের সঠিক পরিমাণ নিরূপণ (Catibration of seed drill)

এ পাঠ শেষে আপনি —



- একটি সীডড্রিলের বিভিন্ন অংশগুলো সনাক্ত করতে পারবেন।
- সীডড্রিলটির বিভিন্ন পরিমাপ ও সাইজ নির্ণয় করতে পারবেন।
- সীডড্রিলটির মাঠ ক্ষমতা নির্ণয় করতে পারবেন।
- সীডড্রিলের ক্যালিব্রেশন করতে পারবেন।

ক) একটি সীডড্রিলের বিভিন্ন অংশগুলো সনাক্ত করুন।

খ) সারির সংখ্যা, সারি থেকে সারির দূরত্ব ও সারির গভীরতা নির্ণয় করুন।

গ) বীজ বোনার যত্রের সাইজ নির্ণয় করুন।

ঘ) সীডড্রিলটি ক্যালিব্রেশন করুন।

ঙ) সীডড্রিলটির মাঠ ক্ষমতা হেস্ট্র/ঘন্টায় নির্ণয় করুন।

পাঠ ৫.৬ জাপানীজ রাইস উইডারের মাঠ পর্যায়ে পরিচালনা ও কার্যকারীতা পর্যবেক্ষণ

এ পাঠ শেষে আপনি —




- একটি জাপানীজ রাইস উইডারের স্পাইকের সংখ্যা, আকৃতি পর্যবেক্ষণ করতে পারবেন।
- এটি দিয়ে আগাছা দমন করার প্রকৃতি পর্যবেক্ষণ করতে পারবেন।
- এর মাঠ ক্ষমতা (হেস্ট্র/ঘন্টা) নির্ণয় করতে পারবেন।

ক) একটি জাপানীজ রাইস উইডার পর্যবেক্ষণ করে এর স্পাইক সংখ্যা, সারি সংখ্যা, ও স্পাইকের আকৃতি পর্যবেক্ষণ করুন।

খ) এটি চালিয়ে আগাছা দমন করার প্রকৃতি পর্যবেক্ষণ করুন।

গ) প্রতি ঘন্টায় এ দিয়ে কতটুকু জমির আগাছা দমন করা যায় তা বের করুন।

পাঠ ৫.৭ হস্ত চালিত ন্যাপস্যাক স্প্রেয়ার পর্যবেক্ষণ ও পরিচালনা



এ পাঠ শেষে আপনি —

- একটি হস্ত চালিত ন্যাপস্যাক স্প্রেয়ারের বিভিন্ন অংশ সনাক্ত করতে পারবেন।
- স্প্রেয়ারের ডিসচার্জ নির্ণয় করতে পারবেন।
- স্প্রে'র প্রশস্ত্র নির্ণয় করতে পারবেন।

- ক) একটি হস্ত চালিত ন্যাপ স্যাক স্প্রেয়ার পর্যবেক্ষণ করে এর বিভিন্ন অংশ সনাক্ত করুন।
- খ) স্প্রেয়ারের সিলিন্ডারের সৃষ্ট চাপ একটি প্রেসার গেজের সাহায্যে নির্ণয় করুন।
- গ) সিলিন্ডারের তরল ধারণ ক্ষমতা, নজল কর্তৃক ডিসচার্জকৃত তরলের পরিমাণ(লিটার/মিনিট) নির্ণয় করুন। [Hints : একটি পাত্রে নজল রেখে তিন মিনিট সময় ধরে তরল পদার্থ সংগ্রহ করে তা থেকে প্রতি মিনিটের গড় ডিসচার্জ বের করুন।]
- ঘ) স্বাভাবিক উচ্ছতায় নজল রেখে মেবোতে স্প্রে করে স্প্রে-এর প্রশস্ত্র বের করুন।



চূড়ান্ত মূল্যায়ন

রচনাম লক প্রশ্ন

১. সরল চিত্রসহ একটি সীডিভিলের বিভিন্ন অংশের কাজ বর্ণনা করুন।
২. একটি সীড ড্রিলের ক্যালিব্রেশনের গুরুত্ব কী? সীডভিলের ক্যালিব্রেশনের পদ্ধতি বর্ণনা করুন।
৩. জমিতে সার প্রয়োগের পদ্ধতিগুলো কী কী হতে পারে? একটি হস্ত চালিত সার ছিটানো যন্ত্রের কার্যপদ্ধতি সহজভাবে বর্ণনা করুন।
৪. টাকা লিখুন : জাপানীজ রাইস উইডার।
৫. হস্ত চালিত স্প্রেয়ারের প্রকারভেদ লিখুন। লিভার চালিত একটি ন্যাপস্যাক স্প্রেয়ারের কার্যপদ্ধতি বর্ণনা করুন।
৬. প্রবাহচিত্রসহ একটি ছোট ইঞ্জিন চালিত ন্যাপস্যাক স্প্রেয়ারের কার্যপদ্ধতি বর্ণনা করুন।



সঠিক উত্তর

পাঠোভর মূল্যায়ন ৫.১ : ১) গ, ২) খ, ৩) ঘ, ৪) ঘ।

পাঠোভর মূল্যায়ন ৫.২ : ১) ঘ, ২) খ, ৩) গ,।

পাঠোভর মূল্যায়ন ৫.৩ : ১) ঘ, ২) গ, ৩) ঘ,।

পাঠোভর মূল্যায়ন ৫.৪ : ১) খ, ২) ঘ, ৩) গ, ৪) ঘ, ৫) খ।

REFERENCES

- Mathews, G.A. 1979. Pesticide Application Methods. Published by Longman, London. p. 334.
- OITA and JICA. Text Book of Agricultural Machinery.
- Prodhan, M.T.I. 1992. Testing and Evaluation of IRRI TR4 6- Row Mannual Rice Transplanter Under Bangladesh Cnditions. An M.Sc. Thesis submitted to the Deptt. of Farm Power & Machinery, BAU, Mymensingh. p.61.
- Smith,H.P. and Wilkes,L.H. 1976. Farm Machinery and Equipment. 6th Edn. McGraw-Hill Publication in the Agril. Scs. P. 488.
- Stone, A.A. and Gulvin, H.E. 1977. Machines for power farming. Published by John Wiley & Sons. N.Y. p.533.